



ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন একটি অঙ্গ প্রতিষ্ঠান)

জি.পি.ও. বক্স নং- ৩৫, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম

Website: www.eryl.com.bd,

E-mail: md-office@eryl.com.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের সাবসিডিয়ারী প্রতিষ্ঠান ও দেশের একমাত্র জ্বালানী তেল শোধনাগার ইস্টার্ন রিফাইনারী লিমিটেড-এ নিম্ন বর্ণিত পদে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে পূর্ণাঙ্গ রিজিউম (Resume) সহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

ক্র. নং	পদের নাম, স্কেল ও বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১।	কোম্পানী সচিব বেতন স্কেলঃ ৳.৫৬,৫০০-৫৮,৭৬০-৬১,১২০- ৬৩,৫৭০-৬৬,১২০-৬৮,৭৭০- ৭১,৫৩০/- কোম্পানীতে প্রচলিত অন্যান্য প্রান্তিক সুবিধাদি প্রযোজ্য হবে। বয়সঃ অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) বৎসর।	০১ (এক) টি	এফসিএ/এফসিএমএ/ ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ এমকম (এ্যাকাউন্টিং/ফিন্যান্স)/ এমবিএ (এ্যাকাউন্টিং/ফিন্যান্স) তৎসহ প্রফেশনাল চার্টার্ড সেক্রেটারী কোর্স (আই সি এস বি) সম্পন্ন। আইন বিষয়ে ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে।	যে কোন সরকারী বা স্বায়ত্ত শাসিত বা আধা-সরকারী বা বেসরকারী শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'কোম্পানী সচিব' পদ মর্যাদায় চাকুরীর অভিজ্ঞতাসহ ন্যূনতম ১৫ (পনের) বছরের চাকুরীর অভিজ্ঞতা।

সংক্ষিপ্ত কার্য বিবরণী (Job description):

'কোম্পানী সচিব' তাঁর কাজের জন্য সরাসরি ম্যানেজিং ডিরেক্টর-কে রিপোর্ট করবেন। তিনি কোম্পানীর বার্ষিক সাধারণ সভা/ বোর্ড মিটিং সংক্রান্ত কাজ (যথাঃ এজেন্ডা তৈরী, নোটিশ প্রদান, কার্যবিবরণী প্রস্তুতকরণ, সিদ্ধান্ত অবহিতকরণ ইত্যাদি), কোম্পানীর পরিচালনা পর্ষদের সাথে সমন্বয়সাধন, যোগাযোগ/করেসপনডেন্স সম্পন্নকরণ সহ সকল সাচিবিক কাজ এবং কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে অর্পিত যে কোন কাজ এর জন্য দায়বদ্ধ থাকবেন।

প্রয়োজ্য শর্তাবলী :

- ১। প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ২। অসম্পূর্ণ বা ক্রটিপূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৩। সরকারী, আধা-সরকারী এবং স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৪। আবেদন পত্র প্রেরণের সময় খামের উপর 'পদের নাম' স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- ৫। মৌখিক সাক্ষাৎকারের সময় আবেদনকারীকে শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্র, নাগরিকত্ব সনদ পত্র, জাতীয় পরিচয় পত্র সহ অন্যান্য প্রয়োজনীয় সনদপত্র/প্রত্যায়নপত্র/অভিজ্ঞতা সনদের মূল কপি সঙ্গে আনতে হবে।
- ৬। সরকার নির্দেশিত কোটা অনুসরণ করা হবে।
- ৭। লিখিত বা মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকারের ক্ষেত্রে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৮। কর্তৃপক্ষ যে কোন সময় প্রয়োজনবোধে এ নিয়োগ কার্যক্রম/প্রক্রিয়া বাতিলের অধিকার সংরক্ষণ করে।
- ৯। আত্রহী প্রার্থীদেরকে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সনদপত্র, নাগরিকত্ব সনদ পত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ লিখিত আবেদন 'ডিজিএম (পার্সোনেল)' ইস্টার্ন রিফাইনারী লিমিটেড, পোস্ট বক্স নং-৩৫, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম' বরাবর আগামী ২০-১২-২০১৬ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে পৌছাতে হবে।
- ১০। আবেদন পত্র অবশ্যই ডাক যোগে পাঠাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত আবেদন পত্রসমূহ গৃহীত হবে না।